দৈনিক ইত্তেফাক
FEB. 28 2001
পৃষ্ঠা ৪ কলাম ৬

# শর্তটি ক্ষেত্রবিশেষে শিথিল করা হউক

সরকারী ও বেসরকারী কলেজ এবং মাধ্যমিক বিদ্যালয়ে তৃতীয় বিভাগপ্রাপ্ত কেহ নিয়োগ পাইবার যোগ্য নয় বলিয়া ঘোষণা করা হইয়াছে। সম্প্রতি অন্যান্য চাকুরীর ক্ষেত্রেও এই শর্ত আরোপ করা হইতেছে। তাই তৃতীয় বিভাগ বর্তমানে কাহারো জন্য মরণ ফাঁদ হইয়া দাঁড়াইয়াছে। যে কোন কারণে একটি তৃতীয় বিভাগ থাকিলে সারাজীবনের লেখাপড়া যেন মিথ্যা হইয়া যাইতেছে। আমি এসএসসি'তে প্রথম বিভাগ, এইচএসসি'তে দ্বিতীয় বিভাগ, স্নাতকে তৃতীয় বিভাগ, স্নাতকোত্তর দ্বিতীয় বিভাগে পাস করিবার পর শিক্ষকতাকে পেশা হিসাবে গ্রহণ করিবার জন্য ২০০০ সালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএড পরীক্ষায় অংশগ্রহণ করি এবং প্রথম বিভাগে উত্তীর্ণ হই। কিন্তু একটিমাত্র তৃতীয় বিভাগের জন্য স্নাতকোত্তর বিএড-এ প্রথম বিভাগ পাওয়ার পরও আবেদন করিতে পারিতেছি না। যখনই শিক্ষক নিয়োগের বিজ্ঞাপন চোখে পড়ে তখন নিজেকে খুব অসহায় মনে হয়। একটিমাত্র তৃতীয় বিভাগের কারণে আমার অর্জিত সার্টিফিকেটগুলি কোন কাজে আসিতেছে না। বিশেষ করিয়া বিএড সার্টিফিকেট। আমার মত অনেকেই এই পরিস্থিতির শিকার। এমতাবস্থায় সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন এই যে, যাহাদের স্নাতকোত্তর কিংবা বিএড ডিগ্রী কিংবা শিক্ষাজীবনে একটিমাত্র তৃতীয় বিভাগ রহিয়াছে তাহাদের জন্য আরোপিত শর্ত শিথিল করিয়া শিক্ষকতা পেশাকে গ্রহণের সুযোগ দেওয়া হউক।

**মোহাম্মদ সাইদুর রহমান.**